গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-৩২.০০.০০০০.০৫৬.১১.০১২.১৭-৩৫ তারিখ : ১১/০২/২০১৮খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত 'তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)'-এর আওতায় নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময় পর্যন্ত নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	গ্রেড ও সাকুল্য বেতন	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	ওয়েব এ্যাডমিনিস্ট্রেটর	গ্রেড-৬ (বেতন স্কেল-৩৫,৫০০-৬৭,০১০) সাকুল্য বেতন-৫৬,৫২৫.০০ টাকা	০১	অনূর্ধ্ব ৩৫ বছর	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা সিএসই/ আইসিটি সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রী; (২) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার/ সহকারী সিস্টেম এ্যানালিস্ট/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেটর/ সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে; (৩) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না; (৪) আইটিইএস বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে; (৫) একটি স্বীকৃত পেশাগত কম্পিউটার সোসাইটির সদস্য হতে হবে। (৬) তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন শীর্ষক সমাপ্ত প্রকল্প (১ম পর্যায়) এ চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে বয়স শিথিলযোগ্য বিবেচিত হবে।
২.	প্রোগ্রামার	গ্রেড-৬ (বেতন স্কেল-৩৫,৫০০-৬৭,০১০) সাকুল্য বেতন-৫৬,৫২৫.০০ টাকা	০১	অনূর্ধ্ব ৩৫ বছর	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা সিএসই/ আইসিটি সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রী; (২) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার/ সহকারী সিস্টেম এ্যানালিস্ট/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেটর/ সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে; (৩) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না; (৪) আইটিইএস বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে; (৫) প্রার্থীকে একটি স্বীকৃত পেশাগত কম্পিউটার সোসাইটির সদস্য হতে হবে। (৬) তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন শীর্ষক সমাপ্ত প্রকল্প (১ম পর্যায়) এ চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে তাদের বয়স শিথিলযোগ্য বিবেচিত হবে।
৩.	সহকারী প্রোগ্রামার	গ্রেড-৯ (বেতন স্কেল-২২,০০০-৫৩,০৬০) সাকুল্য বেতন-৩৫,৬০০.০০ টাকা	০২	অনূর্ধ্ব ৩০ বছর	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা সিএসই/ আইসিটি সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ ৪ বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রী; (২) Structured Programming বা Object Oriented Programming Language এ প্রশিক্ষণ এবং দক্ষতা থাকতে হবে; (৩) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না; (৪) আইটিইএস বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে; (৫) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হতে হবে; (৬) একটি স্বীকৃত পেশাগত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে।
৪.	তথ্যসেবা কর্মকর্তা	গ্রেড-১০ (বেতন স্কেল-১৬,০০০-৩৮,৬৪০) সাকুল্য বেতন-২৭,১০০.০০ টাকা	৪৯০	অনূর্ধ্ব ৩০ বছর	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী বা কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে CSE/ ICT সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী; (২) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না; (৩) বেসিক আইটিতে ডিপ্লোমা থাকতে হবে, (৪) মাইক্রোসফট অফিস, ইন্টারনেট ব্রাউজিং এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে Facebook, Messenger, Skype, Twitter, Linkedin, Video Conferencing পরিচালনায় দক্ষতা থাকতে হবে; (৫) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হতে হবে। (৬) তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন শীর্ষক সমাপ্ত প্রকল্প (১ম পর্যায়) এ চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে তাদের বয়স শিথিলযোগ্য বিবেচিত হবে। (৭) শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলী ঃ

(১) সকল প্রার্থীকে অনলাইনে https://erecruitment.bcc.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ১১/০৩/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।
(২) অনলাইনে আবেদনের জন্য https://erecruitment.bcc.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে eRecruitment কর্তৃক ই-মেইল এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপ সম্পন্ন করতে হবে। (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট হতে নিবন্ধন ম্যানুয়াল ও আবেদন ম্যানুয়াল অনুসরণ করতে হবে।
(৩) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (খ) জাতীয় পরিচয়পত্র (গ) চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (চ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদপত্র দাখিল করতে হবে।
(৪) আগামী ১১/০৩/২০১৮খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট প্রার্থীদের বয়স ক্রমিক নং ১ ও ২ এর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩৫ বছর এবং ক্রমিক নং ৩ ও ৪ এর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
(৫) নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
(৬) বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
(৭) নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
(৮) প্রচলিত বিধি অনুযায়ী নিয়োগের ক্ষেত্রে কোটা নীতি (প্রযোজ্য ক্ষেত্রে) অনুসরণ করা হবে।
(৯) অনলাইনে (online) আবেদনের ক্ষেত্রে প্রার্থীর অবশ্যই ই-মেইল একাউন্ট ও মোবাইল নম্বর থাকতে হবে (ই-মেইল একাউন্ট ও মোবাইল নম্বর ছাড়া e-Recruitment System এ রেজিস্ট্রেশন হবে না)।
(১০) লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের মূলকপিসহ ০১ (এক) সেট ফটোকপি ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত দাখিল করতে হবে।
(১১) প্রার্থীদের পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
(১২) আবেদনপত্রের সাথে কোন পোস্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রযোজ্য হবে না।

মোঃ আবুল খায়ের
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫৯৭৭৪।

ডিজি-৩৯৯/১৮ (১২″×৪)